

১৪

বাজেটে শিক্ষা খাতে ২৫ ভাগ বরাদ্দের দাবিতে মিছিল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

শিক্ষা খাতে জাতীয় বাজেটের শতকরা ২৫ ভাগ বরাদ্দের দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং বাংলাদেশ ছাত্র ইউনিয়ন গতকাল রোববার পৃথকভাবে মিছিল-সমাবেশ করেছে। গণতান্ত্রিক ছাত্রঐক্য দাবির সমর্থনে জাতীয় সংসদ অভিমুখে মিছিল করেছে।

দুপুরের দিকে গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে মিছিলসহ সংসদ অভিমুখে যাত্রা শুরু করলে শাহবাগ মোড়ে পুলিশ তাদের গতিরোধ করে। বাধা পেয়ে তারা সেখানেই সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন নূরুল ইসলাম জিয়াউল হক জিয়া, মঞ্জুর-এ-খোদা টরিক এবং ইমাম গাজ্জালি।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন একই দাবিতে দুপুরের দিকে মিছিলসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে মধুর ক্যান্টিনের

সামনে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের কেন্দ্রীয় সংসদের সাংগঠনিক সম্পাদক শরি-ফুজ্জামান শরিফ ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নাদিয়া সুলতানা নদী। সমাবেশে ছাত্র ইউনিয়ন নেতৃবৃন্দ অনুৎপাদনশীল খাতে ব্যয় সংকোচন ও খেলাপি ঋণ উদ্ধার করে শিক্ষা খাতে শতকরা ২৫ ভাগ বরাদ্দের দাবি জানান।

বিকেলে ডাকসু ক্যাফেটেরিয়ায় সংগঠনের কেন্দ্রীয় সাংগঠনিক কর্মশালা অনুষ্ঠিত হয়। সারাদেশ হতে আগত নেতৃবৃন্দের অংশগ্রহণে কর্মশালায় আলোচনা করেন সংগঠনের সভাপতি মঞ্জুর-এ-খোদা টরিক ও ডাঃ শাহীন রইমান।